**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২৫ জুন ২০১৫, ১১ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মানবপাচারের বিরুদ্ধে জিরো টলারেন্স : প্রধানমন্ত্রী
২। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ বিদায়ী সেনাপ্রধানের
৩। পরিমাপক যন্ত্র যাচাইয়ে আন্তর্জাতিক অ্যাক্রেডিটেশন সনদ প্রদানের ক্ষমতা পেল বিএবি
৪। সবজি রপ্তানিতে আয় বাড়ছে : সংসদে বাণিজ্যমন্ত্রী
৫। এবছর বাংলাদেশ থেকে পাঁচ লাখ কর্মী নেবে মালয়েশিয়া
৬। আধুনিক রাডার স্থাপনে জাপানের সঙ্গে অনুদান চুক্তি সই
৭। শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা রাখতে হবে : মন্ত্রণালয়ের পরিপত্র জারি
৮। হজযাত্রী প্রতি ৬৮০০ রিয়াল ছাড় করার নির্দেশ কেন্দ্রীয় ব্যাংকের
৯। দেশে সরাসরি বিদেশি বিনিয়োগ কমেছে : আঙ্কটাডের প্রতিবেদন
১০। পরীক্ষায় পচা গম পাওয়া যায়নি : খাদ্য মন্ত্রণালয়ের বিবৃতি
১১। এবার ফিতরা ৬০ টাকা নির্ধারণ

চলমান পাতা/২

১। মানবপাচারের বিরুদ্ধে জিরো টলারেন্স : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা সাম্প্রতিককালে অবৈধভাবে মানবপাচার আশঙ্কাজনক হারে বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, অবৈধভাবে মানবপাচারের বিরুদ্ধে শক্ত অবস্থা নিয়েছে বাংলাদেশ। মানবপাচারকারীদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করতে সব আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে মানবপাচার রোধে এই অঞ্চলের দেশগুলো যাতে সমন্বিতভাবে কাজ করতে পারে, সেজন্যও আমাদের সর্বাত্মক কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পাচারকৃত বাংলাদেশি নাগরিকদের দ্রুত দেশে ফিরিয়ে আনতেও সর্বাত্মক চেষ্টা চলছে। গতকাল ২৪ জুন বুধবার জাতীয় সংসদের বাজেট অধিবেশনে টেবিলে উত্থাপিত প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৪)।

২। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ বিদায়ী সেনাপ্রধানের

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিদায়ী সেনাবাহিনী প্রধান জেনারেল ইকবাল করিম ভুইয়া গতকাল ২৪ জুন বুধবার সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাতের সময় সেনাপ্রধান তাঁর দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় দিকনির্দেশনা এবং সহযোগিতার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সফলভাবে সেনাপ্রধানের দায়িত্ব পালনের জন্য রাষ্ট্রপতি এ সময় ইকবাল করিম ভুইয়াকে ধন্যবাদ জানান। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করেন বিদায়ী সেনাবাহিনী প্রধান। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের বলেন, বিদায়ী সেনাপ্রধান তাঁর দায়িত্ব পালনকালে বাংলাদেশ সেনাবাহিনীর উন্নয়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সমর্থন দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৫), ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (পৃ.২,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১)।

৩। পরিমাপক যন্ত্র যাচাইয়ে আন্তর্জাতিক অ্যাক্রেডিটেশন সনদ প্রদানের ক্ষমতা পেল বিএবি

বিশ্ব বাণিজ্যের প্রতিযোগিতায় টিকে থাকতে রপ্তানি পণ্য বহুমুখীকরণের ওপর গুরুত্বারোপ করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। রপ্তানির প্রবৃদ্ধির চলমান ধারা অব্যাহত রাখতে পণ্যের গুণগত মানোন্নয়নের পাশাপাশি ওজন ও পরিমাপের সঠিকতা (ক্যালিব্রেশন) নিশ্চিত করার তাগিদ দেন তিনি। শিল্পমন্ত্রী গতকাল ২৪ জুন বুধবার বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ডের আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য ক্যালিব্রেশন (ওজন ও পরিমাপক যন্ত্রের যথার্থতা যাচাই) অ্যাক্রেডিটেশন সনদ প্রদানের সক্ষমতা অর্জনের ঘোষণা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ তাগিদ দেন। শিল্প মন্ত্রণালয় ভবনে অবস্থিত বিএবি'র কার্যালয়ে এ অনুষ্ঠান আয়োজন করা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২)।

৪। সবজি রপ্তানিতে আয় বাড়ছে : সংসদে বাণিজ্যমন্ত্রী

সবজি রপ্তানিতে প্রতি বছরই বাংলাদেশের বৈদেশিক মুদ্রা আয় বাড়ছে বলে সংসদকে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সবজি রপ্তানিতে বিগত ২৩ বছরে বাংলাদেশের বৈদেশিক মুদ্রায় আয়ের হিসাবও এ সময় তুলে ধরেন তিনি। গতকাল ২৪ জুন বুধবার সংসদে প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে তিনি একথা জানান। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.৪)।

৫। এবছর বাংলাদেশ থেকে পাঁচ লাখ কর্মী নেবে মালয়েশিয়া

চলতি বছর রিক্রুটিং এজেন্সিগুলোর মাধ্যমে প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাংলাদেশ থেকে পাঁচ লাখ কর্মী নেবে মালয়েশিয়া। গতকাল ২৪ জুন বুধবার কুয়ালালামপুরে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেনের সঙ্গে বৈঠকে মালয়েশীয় স্বরাষ্ট্রমন্ত্রী আহমাদ জাহিদ হামিদি এ কথা জানান বলে মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.৮,ক.৭), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

৬। আধুনিক রাডার স্থাপনে জাপানের সঙ্গে অনুদান চুক্তি সই

আধুনিক রাডার স্থাপনে জাপানের সঙ্গে ১৮৬ কোটি ২৬ লাখ টাকার অনুদান চুক্তি স্বাক্ষর করেছে সরকার। এ লক্ষ্যে একটি বিনিময় নোট চুক্তিও স্বাক্ষরিত হয়। গতকাল ২৪ জুন বুধবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এতে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন এবং জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের এন্টিরিম চার্জ দ্য এ্যাফেয়ার্স তাকাসি মাতসুংঙ্গা ও ঢাকায় নিযুক্ত জাইকার প্রধান প্রতিনিধি মিকিও হেতেদা স্বাক্ষর করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইত্তেফাক (পৃ.৩,ক.৬), ডেইলি স্টার (পৃ.৩,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬)।

৭। শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা রাখতে হবে : মন্ত্রণালয়ের পরিপত্র জারি

শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বিশেষত ছাত্রীদের ব্যবহারের জন্য আলাদা টয়লেট নিশ্চিতসহ স্যানিটেশন ব্যবস্থা উন্নত করার নির্দেশ দিয়ে পরিপত্র জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। সারাদেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য এ নির্দেশ প্রযোজ্য হবে। রোগ সংক্রমণ রোধ ও শিক্ষার্থী

উপস্থিতি বাড়াতে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটিকে টয়লেট ব্যবস্থাপনা নিশ্চিত করার এ নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৫), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.৫,ক.১)।

৮। হজযাত্রী প্রতি ৬৮০০ রিয়াল ছাড় করার নির্দেশ কেন্দ্রীয় ব্যাংকের

বেসরকারি ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছুদের বাড়ি ভাড়া, খাবার সরবরাহ ও অন্যান্য খরচ বাবদ জনপ্রতি ৬ হাজার ৮০০ রিয়াল সৌদি আরবে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গতকাল ২৪ জুন বুধবার কেন্দ্রীয় ব্যাংক থেকে বাণিজ্যিক ব্যাংকগুলোর প্রধান কার্যালয় ও প্রিন্সিপাল অফিসে পাঠানো এক সার্কুলারের মাধ্যমে এই নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৪), জনকণ্ঠ (পৃ.৩,ক.২), ইনকিলাব (পৃ.১৩,ক.১), নিউজ টুডে (পৃ.১৫,ক.৪)।

৯। দেশে সরাসরি বিদেশি বিনিয়োগ কমেছে : আঙ্কটাডের প্রতিবেদন

বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ কমেছে। ২০১৩ সালে দেশে নিট বিনিয়োগ আসে ১৫৯ কোটি ৯১ লাখ ডলার। আর ২০১৪ সালে তা কমে দাঁড়ায় ১৫২ কোটি ৬৭ লাখ ডলার। আগের বছরের তুলনায় সরাসরি বৈদেশিক বিনিয়োগ (এফডিআই) কমেছে চার দশমিক ৭৪ শতাংশ। অন্যদিকে ২০১৪ সালে দেশে প্রত্যক্ষ ও পরোক্ষ মিলিয়ে মোট বৈদেশিক বিনিয়োগ আসে ২০৫ কোটি ৫৮ লাখ ডলার। জাতিসংঘের অঙ্গ সংস্থা ইউনাইটেড ন্যাশ্নস কনফারেন্স অন ট্রেড এন্ড ডেভেলপমেন্ট (আঙ্কটাড) এর 'বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন ২০১৫'তে এসব তথ্য উঠে আসে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৭), সমকাল (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (পৃ.১৬,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.৬)।

১০। পরীক্ষায় পচা গম পাওয়া যায়নি : খাদ্য মন্ত্রণালয়ের বিবৃতি

ব্রাজিল থেকে আসা গম চুক্তি অনুযায়ী পাওয়া গেছে। বিভিন্ন জেলা থেকে নেওয়া নমুনা পরীক্ষা করে পচা কিংবা মানুষের খাওয়ার অনুপযোগী কোনো গম পাওয়া যায়নি বলে দাবি করেছে খাদ্য মন্ত্রণালয়। খাদ্য মন্ত্রণালয় গতকাল ২৪ জুন বুধবার এক বিবৃতিতে এ দাবি করেছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.৯, ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৪)।

১১। এবার ফিতরা ৬০ টাকা নির্ধারণ

এ বছর বাংলাদেশে সাদকাতুল ফিতরার হার একজন ব্যক্তির জন্য সর্বনিম্ন ৬০ টাকা ও সর্বোচ্চ ১৬৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। গত বছর ১৪৩৫ হিজরি সনের ফিতরা ছিল মাথাপিছু সর্বনিম্ন ৬৫ টাকা ও সর্বোচ্চ ২ হাজার টাকা। গতকাল ২৪ জুন বুধবার ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম সভাকক্ষে ফিতরা নির্ধারণী সভায় এই হার নির্ধারণ করা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), যায়যায়দিন (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ১৮ বছরের আগে মেয়েদের বিয়ে ও সন্তান ধারণ স্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হওয়ায় মেয়েদের বিয়ের বয়স ১৮ থাকার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক : ছিন্নমূল শিশুদের ৯০ শতাংশই মাদকাসক্ত ও নানা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত উল্লেখ করে এসব শিশুর মাদকসক্তি নিরাময় ও পুনর্বাসনের ব্যবস্থা করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ : ইফতারে দেশীয় ফলের আধিক্য প্রশংসনীয় উল্লেখ করে মানহীন ভেজাল খাদ্য বিক্রি ও অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্য বিক্রি বন্ধে বাজার তদারকি জোরদার করার আহ্বান;

ঘ. সংবাদ : ঢাকা-চট্টগ্রাম, ঢাকা-সিলেট এবং চট্টগ্রাম-সিলেট রেলপথ রুটের ২৩৩টি সেতু ঝুঁকিপূর্ণ হয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে দুর্ঘটনা রোধে এ সেতুগুলো সংস্কার করা জরুরি বলে মন্তব্য;

ঙ. সমকাল : আসন্ন ঈদে ঘরে ফেরা মানুষের দুর্ভোগ কমাতে সড়ক-মহাসড়কগুলো যথাযথভাবে সংস্কার করার উদ্যোগ নেওয়ার সুপারিশ;

চ. ফিনানশিয়াল এক্সপ্রেস : বাংলাদেশের ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা মিটাতে কৃষিখাতে গবেষকদের বিশেষ প্রণোদনা দিয়ে বহুমুখী কৃষিপণ্য উদ্ভাবনে উৎসাহ প্রদানের পাশাপাশি বেসরকারি খাতকেও কৃষকের পণ্য বাজারজাতকরণ, সংরক্ষণে সহায়তা প্রদানে উৎসাহিত করতে সুষ্ঠু পরিবেশ প্রদানে যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : মিয়ানমারের হাতে বন্দী বিজিবি'র নায়েক রাজ্জাককে দেশে ফিরিয়ে আনতে কূটনৈতিক তৎপরতা চালানোর সুপারিশ;

জ. ডেইলি স্টার : বেসরকারি রিক্রুটিং এজেন্সির মাধ্যমে মালয়েশিয়ায় কর্মী প্রেরণের সম্ভাবনা তৈরি হওয়ায় সরকারকে অভিবাসন ব্যয়, রিক্রুটিং এজেন্সিগুলোর বিদেশ গমনেচ্ছু ব্যক্তিদের শোষণ করার প্রবণতা, জাল ভিসা, মানবপাচার ইত্যাদি বিষয়ে সতর্ক হওয়ার পরামর্শ;

ঝ. ডেইলি অবজারভার : দেশের অধিকাংশ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ছাত্র এবং শিক্ষকদের বিভিন্ন দাবি-দাওয়ার আন্দোলনে শিক্ষার সুষ্ঠু কার্যক্রম ব্যাহত হচ্ছে বলে মত প্রকাশ;

ঞ. ডেইলি সান : বাংলাদেশ আওয়ামী লীগের প্রতিষ্ঠার ৬৬ বছর পূর্তিতে দলটি দেশ উন্নয়নের ধারা অব্যাহত রাখবে, গণতন্ত্র ও স্বাধীনতাকে সমুন্নত রাখবে এবং জনগণের জীবনমানের উন্নয়ন ঘটাবে এ প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে রাজনীতিতে ধর্মের ব্যবহার বাংলাদেশে গণতন্ত্রের জন্য অন্যতম হুমকি বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'ভিশন ২০২১ : স্বপ্ন ও বাস্তবতা' শিরোনামের নিবন্ধে ড. রাশিদ আসকারী সুশাসিত জাতীয় প্রতিষ্ঠান ও শক্ত গণতান্ত্রিক ভিত্তির ওপর প্রতিষ্ঠিত জনপ্রশাসনের মাধ্যমে দারিদ্র্যমুক্ত একটি মধ্যম আয়ের দেশে পৌঁছাতে সবাইকে আন্তরিকভাবে কাজ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা